

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

E-mail: dg@dnc.gov.bd, Website : www.dnc.gov.bd

নং:৫৮.০২.০০০০.০০৮.১৮.০২৭.১৬/ ৭৭৬

তারিখ : ৩০ আষাঢ়, ১৪২৮
০৪ জুলাই, ২০২১

বিষয় : ডাক্তারি সনদ ব্যতিত পেথিডিন ও মরফিন ইনজেকশন/ট্যাবলেট কোন ক্রেতার নিকট বিক্রয় করা যাবে না মর্মে সুত্রোক্ত পত্রের নির্দেশনাটি ওয়েবসাইটে আপলোড প্রসঙ্গে।
সূত্র : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে বিগত ০৯/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জনস্বার্থে ডাক্তারি সনদ ব্যতিত কোন ক্রেতার নিকট পেথিডিন/মরফিন বিক্রয় না করার বাধ্যবাধকতার বিষয়-এ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে বিগত ০৯/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:
“পেথিডিন/মরফিন এর মূল্য নির্ধারণ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। ডাক্তারি সনদ ব্যতিত পেথিডিন / মরফিন কোন ক্রেতার নিকট বিক্রয় করা যাবে না মর্মে নির্দেশনা ওয়েবসাইটে আপলোড করতে হবে।”

০২। এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্তের প্রেক্ষিতে দেশের কোন ফার্মেসী বা অন্য কোন প্রতিষ্ঠান যাতে জনস্বার্থে ডাক্তারি সনদপত্র ব্যতিত কোন ক্রেতার নিকট পেথিডিন ও মরফিন ইনজেকশন/ট্যাবলেট বিক্রয় করতে না পারে তা নিশ্চিতকরণের জন্যে অত্র পত্রটি জরুরি ও অগ্রাধিকারভিত্তিতে অধিদপ্তর, বিভাগ, মেট্রো ও জেলা কার্যালয়ের ওয়েবসাইট / ওয়েব পোর্টাল-এ আপলোডকরণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে নজরদারি বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, জনাব দীর্জেন চন্দ্র গোপ, সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা- কে ওয়েবসাইটে প্রকাশের বিষয়টি মনিটরিং করত: প্রতিদিন আপলোড নিশ্চিত করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন।

উপপরিচালক/সহকারী পরিচালক/সহকারী প্রোগ্রামার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়/ জেলা /মেট্রো কার্যালয়-----সকল।

(মু. নুরুজ্জামান শরীফ এনডিসি)
পরিচালক(চিকিৎসা ও পুনর্বাসন)
অতিরিক্ত দায়িত্বে
মহাপরিচালকের পক্ষে
ফোন: ০২-৪৮৩২২১৯৬

E-mail: dirtr@dnc.gov.bd

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়-----সকল। (বর্ণিত পত্রের নির্দেশনা অনুযায়ী বিষয়টি নিশ্চিত করবেন।)
- ২) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) অফিস কপি, মাস্টার ফাইল।